দোহায় হামলার পর কাতারের প্রধানমন্ত্রীর কাছে দুঃখ প্রকাশ নেতানিয়াহুর



সংগৃহীত ছবি

দোহায় ইসরায়েলি হামলায় একজন কাতারি নাগরিক নিহত হওয়ার পর ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ক্ষমা প্রার্থনা করেছেন এবং ভবিষ্যতে এ ধরনের হামলা পুনরায় হবে না বলে আশ্বাস দিয়েছেন।

চলতি মাসের শুরুতে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের প্রতিনিধিদলের ওপর ইসরায়েলি ক্ষেপণাস্ত্র হামলার সময় দোহায় একজন কাতারি নাগরিক নিহত হন। এ ঘটনার পর মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) নেতানিয়াহু কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুল রহমান বিন জসিম আল থানিকে ফোন করে ক্ষমা প্রার্থনা করেন।

ফোনালাপে নেতানিয়াহু কাতারের সার্বভৌমত্ব লঙ্ঘনের জন্য দুঃখ প্রকাশ করেন এবং আশ্বাস দেন, ভবিষ্যতে ইসরায়েলি বাহিনী কাতারে আর কোনো হামলা চালাবে না। কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয় এই ক্ষমা চাওয়ার বিষয়টি নিশ্চিত করেছে।

সূত্র: আল জাজিরা

LENS ASIA